

## বাচ্চাদের আল্লাহকে জানাব কার্যগ্রন্থ

কোরআন শিক্ষা:

কোরআন জানা:

### কোরআন পড়া এবং নোট করা:

কথন : **প্রতিদিন ফজবের সলাতের পর কিঞ্চিৎ সূর্য উঠার পূর্বে**

কতটুকু:মাত্র **এক আয়া**

কোন বই: **শব্দার্থে আল কোরআন (আরবী-বাংলা-ইংরেজী) লিখেছেন মোহাম্মাদ আরিফুল ইসলাম**  
(PDF format পাওয়া যাবে এই লিঙ্কে <http://tinyurl.com/o7kyqel>)

### কি নোট করতে হবে এবং কেন করতে হবে:

- ১। একটা আয়া আরবীতে পড়বে।
- ২। তারপর সেই আয়ার পুরো অর্থটা বাংলাতে এবং ইংরেজীতে পড়বে।
- ৩। এরপর প্রতিটি আরবী শব্দের অর্থ বাংলায় এবং ইংরেজীতে পড়বে।
- ৪। সহজ যে কোন **একটা** শব্দের অর্থ লিখে ফেলবে এবং মুখস্ত করার চেষ্টা করবে।
- ৫। **পড়ার পর চিন্তা করবে** কেন আল্লাহ এই আয়া কোরআনে দিয়েছেন? আল্লাহতো পাটিগনিতের সূত্র কোরআনে লিখেন নি, আল্লাহতো সব ছোট অসুস্থ বাচ্চাদের ঔষধের ব্যবস্থপত্র কোরআনে লিখে দিতে পারতেন, কেন আল্লাহ তা না করে এই আয়া কোরআনে দিয়েছেন? কেন এটা গুরুত্বপূর্ণ যে এই আয়াটি মানুষের জন্য আকাশ থেকে পাঠ্যেছেন? আল্লাহ এই আয়াতে কি বলেছেন,
  - এটা কি আমার জন্য কোন আদেশ (যা আমাকে অবশ্যই মানতে হবে)?
  - এটা কি আমার জন্য কোন নিষেধ (যা আমি কোনভাবেই করতে পারবো না)?
  - এটা কি আমার জন্য কোন সতর্কতা (যা থেকে আমাকে সাবধান থাকতে হবে)?
  - এটা কি আমার জন্য ভালো হবে বলেছে (যা করলে জান্নাত আমার জন্য সহজ হবে)?

- এটা কি আমার জন্য **খারাপ** হবে বলেছে (যা করলে **শয়তান** আমাকে **বন্ধু বানাবে** আর আমাকে করবে অথবা কেয়ামতের দিন অথবা **জাহানামের** আগনে ফেলে দিতে পারে) ?
- এতে কি যারা **জান্নাতে** যাবে তারা কিভাবে **আল্লাহ**কে মেনে চলে অথবা **তাদের চরিত্র** দুনিয়াতে কেমন হবে তা বলেছে (যা আমাকে ও **অর্জন করতে হবে**) ?
- এতে কি যারা **জাহানামে** যাবে তারা **কেন জাহানামে** যাবে অথবা **তাদের চরিত্র** দুনিয়াতে কেমন হবে তা বলেছে (যা থেকে আমাকে **অবশ্যই দূরে থাকতে হবে**) ?
- অথবা এতে কোন **বিষয়ে** বলা হয়েছে (যা থেকে আমার জ্ঞান বাড়বে যা জান্নাতে যাওয়ার জন্য আমার প্রয়োজন) (আল্লাহ সম্পর্কে, রাসূলুল্লাহ সল্লেল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কোরআন, হাদিস, কিয়ামাহ, শয়তান, জান্নাত, জাহানাম, নবীগন, বিভিন্ন সৃষ্টি সম্পর্কে, মালাইকা, আল্লাহর সৃষ্টি, মানুষ ইত্যাদি সম্পর্কে) ?
- প্রতিদিন **একটি** সহজ আরবী শব্দের অর্থ শিখবো ইনশাল্লাহ।

### প্রার্থণা:

একটা ফাইল তৈরী কর যার মধ্যে প্রতিটি বিষয়ের নোটগুলি আলাদা করে আলাদা অধ্যায় নাম দিয়ে রাখবে। যেমন অধ্যায়ের নাম দিতে পারো “অবশ্যই করতে হবে”, “কোনভাবেই করা যাবে না” “জান্নাতির কাজ”, “জাহানামির কাজ”, “আল্লাহ” “রাসূলুল্লাহ সল্লেল্লাহু আলাইহি ওয়া সাল্লাম”, “কোরআন” “শয়তান”, “জাহানাম”, “জান্নাত” “মানুষ” ইত্যাদি।

প্রতিদিনের জানা বিষয়কে খুব সংক্ষেপে কয়েকটি শব্দে লিখে তোমার পড়া টেবিলের সামনের দেয়ালে অথবা বসার ঘরের দেয়ালে ছোট নোট প্যাডে বড় অক্ষরে লিখে লাগিয়ে রাখবে। (যেমন একটা A4 আকারের কাগজ দেয়ালে লাগাতে পারো শুধু “আদেশ” গুলো লেখার জন্য, একটা কাগজ শুধু “নিয়েধ” গুলো লেখার জন্য। এরপর প্রতিদিন সেই কাগজের উপর ছোট ছোট নোট যোগ হবে।)